যুগান্তর

তারিখ ..29 SEP 2015...
পৃষ্ঠা ...2... কলাম ...2...

# শিক্ষা প্রতিষ্ঠানে আধুনিক ব্যাংকিং চালুর নির্দেশ কেন্দ্রীয় ব্যাংকের

যুগান্তর রিপোর্ট

শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের সুবিধার জন্য আধুনিক ও প্রযুক্তিনির্ভর ব্যাংকিং সেবা চালুর উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের যেন দীর্ঘ লাইনে দাঁড়িয়ে নির্ধারিত ব্যাংকে শিক্ষা প্রতিষ্ঠানের নানা খরচ জমা দিতে না হয় সেজন্য কেন্দ্রীয় ব্যাংকের এ উদ্যোগ। এ সেবা চালু করতে রোববার দেশের সবগুলো তফসিলি ব্যাংকে নির্দেশনা পাঠানো হয়েছে। অন্তর্ভুক্তিমূলক ব্যাংকিং সেবার আওতায় এ নির্দেশনা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। নির্দেশনায় বলা হয়েছে, শিক্ষার্থী বা তাদের অভিভাবকরা যেন যে কোনো ব্যাংক থেকে অনলাইন, ইন্টারনেট, ই-কমার্স, ডেবিট ও ক্রেডিট কার্ড, মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের নানা ফি ও খরচ পরিশোধ করার সুযোগ পান। নির্দেশনায় বলা হয়েছে, শিক্ষার্থীরা যাতে আধুনিক ব্যাংকিং সেবার মাধ্যমে শিক্ষা খরচের অর্থ পরিশোধ করতে পারেন সেজন্য প্রয়োজনে শিক্ষা প্রতিষ্ঠানে বুথ চালু করতে হবে। প্রাথমিকভাবে দেশের সব নগর ও জেলা পর্যায়ের প্রতিষ্ঠানে এটা বাস্তবায়ন করতে হবে ব্যাংকগুলোকে। পরে পর্যায়ক্রমে উপজেলা ও ইউনিয়ন পর্যায়েও তা সম্প্রসারণ করতে হবে।